"শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
হাটহাজারী, চট্টগ্রাম।

স্মারক নং- উমবিককা/হাট/চট্টঃ/২০২২ -

তারিখঃ ২৪/০২/২০২২

## সভার নোটিশ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৮-০২-২২ তারিখ বেলা ১১.০০ ঘটিকার সময় মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটির সভা উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সম্মানিত সদস্যগণকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচীঃ

১। মহিলা বিষয়ক অধিদপ্তরের কার্যক্রম সমুহের বিষয়ে আলোচনা।
২। আইজিএ প্রকল্পের মাধ্যমে মহিলাদের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা।
৩। উপজেলা পরিষদের বরাদ্দ হতে অসহায় দুঃস্থ মহিলা ও শিশুদের আত্ন-সামাজিক উন্নয়নের জন্য প্রকল্প গ্রহণ।

এস. এম. জিন্নাত সুলতানা
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
হাটহাজারী, চট্টগ্রাম
ও
সদস্য সচিব
মহিলা ও শিশু বিষয়ক উপজেলা কমিটি
হাটহাজারী, চট্টগ্রাম।

স্মারক নং- উমবিককা/হাট/চট্টঃ/২০২২ - ৫৯

তারিখঃ ২৪/০২/২০২২

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরনঃ

১। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাটহাজারী, চট্টগ্রাম।
২। চেয়ারম্যান, গুমানমর্দ্দন ইউনিয়ন পরিষদ, হাটহাজারী, চট্টগ্রাম।
৩। চেয়ারম্যান, দক্ষিন মাদার্শা ইউনিয়ন পরিষদ, হাটহাজারী, চট্টগ্রাম।
৪। চেয়ারম্যান, বুড়িশ্চর ইউনিয়ন পরিষদ, হাটহাজারী, চট্টগ্রাম।
৫। অফিস কপি।

এস. এম. জিন্নাত সুলতানা
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
হাটহাজারী, চট্টগ্রাম
ও
সদস্য সচিব
মহিলা ও শিশু বিষয়ক উপজেলা কমিটি
হাটহাজারী, চট্টগ্রাম।

# মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটির ফেব্রুয়ারি'২০২২ মাসের সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ জনাব মোক্তার বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাটহাজারী,চট্টগ্রাম।
সভার তারিখ ঃ ২৮-০২-২০২২ খ্রি. সময়ঃ বেলা ঃ ১১.০০ ঘটিকা।
সভার স্থান ঃ উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের কার্যলয়, হাটহাজারী,চট্টগ্রাম।

সভায় উপস্থিত সম্মানিত সদস্য বৃন্দের নাম, পদবী ও স্বাক্ষরঃ- পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভার আলোচ্যসূচীঃ

১। মহিলা বিষয়ক অধিদপ্তরের কার্যক্রম সমুহের বিষয়ে আলোচনা।
২। আইজিএ প্রকল্পের মাধ্যমে মহিলাদের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা।
৩। উপজেলা পরিষদের বরাদ্দ হতে অসহায় দুঃস্থ মহিলা ও শিশুদের আত্ন-সামাজিক উন্নয়নের জন্য প্রকল্প গ্রহণ।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্য বৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

১নং আলোচ্যসূচীতে সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে,মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন কার্যক্রম গুলো নিম্মে উল্লেখ করা হলো।

১। দুঃস্থ মহিলা উন্নয়ন কর্মসূচী (ভিজিডি) ২। দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান ৩। কর্মজীবি ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচি ৪। মহিলাদের আত্ন-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ তহবিল হতে ঋণ বিতরণ ৫। আইজিএ প্রকল্পের মাধ্যমে সেলাই ও বিউটিফিকেশন ট্রেডে মহিলাদের প্রশিক্ষণ প্রদান ৬। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় ক্লাব ভিত্তিক কিশোর-কিশোরীদের প্রশিক্ষণ প্রদান ৭। নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত অভিযোগ নিষ্পত্তি কার্যক্রম ৮। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্য বিবাহ ও পারিবারিক সহিংসতা প্রতিরোধ, যৌতুক নিরোধ, ইভটিজিং প্রতিরোধ সংক্রান্ত সচেতনতা মূলক সভা, উঠান বৈঠকের আয়োজন করা ৯। আদালতের মামলা তদন্ত পূর্বক প্রতিবেদন প্রেরণ ১০। স্বেচ্ছাসেবী সংগঠন সমুহের অনুদান বিতরণ ও কার্যক্রম মনিটরিং ১১। জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদযাপন কার্যক্রম বাস্তবায়ন ১২। এনজিও এর মাধ্যমে ভিজিডি, ল্যাকটেটিং মাদার ও মাতৃত্বকাল ভাতাভোগীদের প্রশিক্ষণ প্রদান ১৩। উপজেলা ও জেলা পর্যায়ের বিভিন্ন সভায় অংশগ্রহণ ১৪। অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন।

সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনা শেষে সমহিলা বিষয়ক অধিদপ্তরের চলমান কার্যক্রম সমুহ যথাযথ ভাবে বাস্তবায়ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

২নং আলোচ্যসূচীতে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় উপস্থিত সদস্যদের জানান যে, "উপজেলা পর্যায়ে মহিলাদের আয়বর্ধক প্রশিক্ষণ" শীর্ষক প্রকল্পের আওতায় অত্র হাটহাজারী উপজেলায় ২টি ট্রেডে (ফ্যাশন ডিজাইন ও বিউটিফিকেশন) প্রতি ট্রেডে ০৩ মাস মেয়াদে ২৫ জন করে মোট= ৫০ জন প্রশিক্ষনার্থীকে প্রশিক্ষন প্রদানের কার্যক্রম চলমান আছে।

সিদ্বান্ত ঃ আইজিএ প্রকল্পের মাধ্যমে আইসিটি, মহিলাদের ড্রাইভিং ও এগ্রো এর উপর প্রশিক্ষন কার্যক্রম পরিচালনা করা যায় কিনা সে বিষয়ে প্রকল্প পরিচালক মহোদয়ের সাথে আলোচনা কওে পরবর্তী সভায় অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৩নং আলোচ্যসূচীতে অত্র কমিটির সভাপতি উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান জানান যে, উপজেলা পরিষদের তহবিল হতে অসহায় দুঃস্থ মহিলা ও শিশুদের আত্ন-সামাজিক উন্নয়নের জন্য প্রকল্প গ্রহন করার লক্ষে বিস্তারিত আলোচনা করেন।

সিদ্ধান্ত ঃ আগামী সভায় কমিটির সদস্যবৃন্দ তাদের নিজ নিজ এলাকার চাহিদা অনুযায়ী অসহায় দুঃস্থ মহিলা ও শিশুদের আত্ন-সামাজিক উন্নয়নের জন্য উপযোগী প্রকল্প গ্রহন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোক্তার বেগম

মোক্তার বেগম
উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান
হাটহাজারী, চট্টগ্রাম।
ও
সভাপতি
মহিলা ও শিশু বিষয়ক উপজেলা কমিটি
হাটহাজারী,চট্টগ্রাম।

স্মারক নং- উমবিককা/হাট/চট্টঃ/২০২২ -৬৫

তারিখঃ ২৮/০২/২০২২

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরনঃ
১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাটহাজারী, চট্টগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, হাটহাজারী, চট্টগ্রাম।
৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাটহাজারী, চট্টগ্রাম।
৪। চেয়ারম্যান, গুমানমর্দ্দন ইউনিয়ন পরিষদ, হাটহাজারী, চট্টগ্রাম।
৩। চেয়ারম্যান, দক্ষিন মাদার্শা ইউনিয়ন পরিষদ, হাটহাজারী, চট্টগ্রাম।
৪। চেয়ারম্যান, বুড়িশ্চর ইউনিয়ন পরিষদ, হাটহাজারী, চট্টগ্রাম।
৫। অফিস কপি।

এস. এম. জিন্নাত সুলতানা
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
হাটহাজারী, চট্টগ্রাম
ও
সদস্য সচিব
মহিলা ও শিশু বিষয়ক উপজেলা কমিটি
হাটহাজারী,চট্টগ্রাম।

মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটির সভায় উপস্থিত সদস্যগনের উপস্থিতির তালিকা (পরিশিষ্ট "ক" )

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১। | জনাব মোক্তার বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ হাটহাজারী, চট্টগ্রাম | সভাপতি | মোক্তার বেগম |
| ০২। | জনাব মোঃ মুজিবুর রহমান | চেয়ারম্যান, গুমানমর্দন ইউনিয়ন পরিষদ হাটহাজারী, চট্টগ্রাম | সদস্য | |
| ০৩। | জনাব মোহাম্মদ সরওয়ার | চেয়ারম্যান, দক্ষিন মাদার্শা ইউনিয়ন পরিষদ হাটহাজারী, চট্টগ্রাম | সদস্য | |
| ০৪। | জনাব মোঃ জাহেদ হোসাইন | চেয়ারম্যান, বুড়িশ্চর ইউনিয়ন পরিষদ হাটহাজারী, চট্টগ্রাম | সদস্য | |
| ০৫। | জনাব এস. এম. জিন্নাত সুলতানা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হাটহাজারী, চট্টগ্রাম | সদস্য সচিব | |